

সরকারি সেবাসমূহ : বিভিন্ন সরকারি ফরম, পাবলিক পরীক্ষার ফলাফল, অনলাইনে বিশ্ববিদ্যালয়ে ভর্তি, অনলাইন জন্ম-মৃত্যু নিবন্ধন, ভিজিএফ-ভিজিডি তালিকা ও নাগরিক সনদ প্রভৃতি।

জীবনজীবিকা ভিত্তিক তথ্য : কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, আইন ও মানবাধিকার, পর্যটন, অকৃষি উদ্যোগ প্রভৃতি। জীবনজীবিকা ভিত্তিক তথ্যভান্ডার ‘জাতীয় ই-তথ্যকোষ’ (www.infokosh.bangladesh.gov.bd) থেকে এ তথ্যসমূহ প্রদান করা হয়ে থাকে। অনলাইনের পাশাপাশি ইউআইএসসিসমূহে জাতীয় ই-তথ্যকোষের অফলাইন ভার্সনও (সিডি/ডিভিডি) রয়েছে, যাতে করে ইন্টারনেট সংযোগ না থাকলেও নিরবিচ্ছিন্ন সেবা দেওয়া সম্ভব হয়।

বানিজ্যিক সেবা: মোবাইল ব্যাংকিং (ডাচ বাংলা, ব্রাক ব্যাংক-বিকাশ), ব্রিটিশ কাউন্সিলের ইংরেজী শিক্ষা, কম্পিউটার প্রশিক্ষণ, ছবি তোলা, ইন্টারনেট ব্রাউজিং, ইমেইল, চাকুরির তথ্য, কম্পোজ, ভিসা আবেদন ও ট্র্যাকিং, দেশে-বিদেশে ভিডিওতে কনফারেন্সিং, সচেতনতামূলক ভিডিও শো, প্রিন্টিং, স্ক্যানিং, ফটোকপি, লেমিনেটিং, ফ্লেক্সিলোড, ফোন কল করা প্রভৃতি।